

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪১৬

আগরতলা, ৩ সেপ্টেম্বর, ২০২০

সোনামুড়া বন্দরে জলযান আসছে ৫ সেপ্টেম্বর

বাংলাদেশ হয়ে ত্রিপুরায় জলপথে পণ্য পরিবহনের অঙ্গ হিসেবে আগামী ৫ সেপ্টেম্বর সকালে সোনামুড়া বন্দরে পরীক্ষামূলকভাবে জলযান (Vessel) এসে পৌঁছাবে। সোনামুড়া বন্দরে পরীক্ষামূলকভাবে আসা এই জলযানকে স্বাগত জানানোর জন্য এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সকাল এগারটায় আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তাছাড়াও উপস্থিত থাকবেন সাংসদ প্রতিমা ভৌমিক, ঢাকাস্থিত ভারতের হাই কমিশনার রিভা গাঙ্গুলি দাশ, ত্রিপুরাস্থিত বাংলাদেশের সহকারি হাই কমিশনার কিরীটি চাকমা, ল্যান্ড পোর্ট অথরিটি অব ইন্ডিয়া'র চেয়ারম্যান আদিত্য মিশ্র। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখবেন শিল্প এবং বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, ধন্যবাদসূচক বক্তব্য রাখবেন দপ্তরের অধিকর্তা পি কে গোয়েলা। অনুষ্ঠান শেষে ল্যান্ড পোর্ট অথরিটির চেয়ারম্যান শ্রীমন্তপুর আই ডি সি'র আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। অনুষ্ঠানটির আয়োজন করা হবে কোভিড-১৯ সম্পর্কিত সমস্ত নির্দেশিকা মেনে।
